ইংরাজি সহজশিক্ষা: প্রথম ও দ্বিতীয় ভাগ

Rabindranath Tagore

Open Knowledge Foundation Network, India : Open Education Project

Help spreading the light of education. Use and share our books. It is FREE. Educate a child. Educate the economically challenged.

Share and spread the word! Show your support for the cause of Openness of Knowledge.
facebook: https://www.facebook.com/OKFN.India
twitter: https://twitter.com/OKFNIndia
Website: http://in.okfn.org/

ভূমিকা

মুখস্থ করাইয়া শিক্ষা দেওয়া এই গ্রন্থের উদ্দেশ্য নহে। শব্দ ও বাক্যগুলি নানা প্রকারে বারবার ব্যবহারের দ্বারা ছাত্রদের শিক্ষা অগ্রসর হইতে থাকিবে ইহাই লেখকের অভিপ্রায়। শব্দগুলি বোর্ডে লিখিত থাকিবে, ছাত্ররা তাহাই দেখিয়া মুখে ও লেখায় বাক্যরচনা অভ্যাস করিবে। এই গ্রন্থের পরিশিষ্ট ভাগে অনেকগুলি বিশেষ্য বিশেষণ শব্দ দেওয়া হইয়াছে, সর্বদা ব্যবহার্য শব্দ-শিক্ষায় ও বাক্যরচনা-চর্চায় সেগুলি কাজে লাগিবে। যে রীতি অনুসরণ করিয়া লেখক একদা কোনো ছাত্রকে অল্পকালের মধ্যে অনেকটা পরিমাণে ইংরেজি শিখাইতে পারিয়াছিলেন এই গ্রন্থে সেই রীতি অবলম্বন করা হইয়াছে।

প্রথম ভাগ

১বাংলা অর্থ-সহিত বোর্ডে লেখা থাকিবে—

The man	মানুষ	big	বড়ো
The boy	ছেলে	mad	পাগল
The cat	বিড়াল	red	লাল
The dog	কুকুর	bad	খারাপ
The pen	কলম	new	নূতন
The cow	গাভী	fat	মোটা

শিক্ষক বাংলা শব্দটি বলিয়া তাহার ইংরেজি প্রতিশব্দ, ইংরেজি শব্দটি বলিয়া তাহার বাংলা প্রতিশব্দ বলাইয়া লইবেন। ক্রমশ পাঠগৃহস্থিত বা তন্নিকটবর্তী কোনো কোনো বস্তুনির্দেশ করিয়া তাহার ইংরেজি নাম বলাইয়া লইবেন।শিক্ষক দেখিবেন যেছাত্র ইংরেজি নাম বলিবার সময় the কথাটি যথাস্থানে প্রয়োগ করে; যথা— the book, the hall, the wall, the tree.

২

শিক্ষক নিম্নলিখিত প্রকারে বিশেষ্য বিশেষণ সংযুক্ত করিয়া তাহার অর্থ বলাইয়া লইবেন। বিশেষ্য ও বিশেষণ কাহাকে বলে, উদাহরণ দিয়া বুঝাইয়া দিবেন। ইংরেজিতে বিশেষণ যে the ও বিশেষ্যটির মাঝখানে থাকে, তাহা দেখাইয়া দিবেন।

The big man
The mad dog
The red cat
The bad boy
The new pen

The fat cow

ইংরেজি করো—

নূতন মানুষ । বড়ো কলম। পাগল ছেলে।

খারাপ কুকুর। মোটা বিড়াল। লাল গাভী।

পাগল মানুষ । লাল কুকুর। বড়ো গাভী ।

খারাপ কলম । মোটা ছেলে। নূতন বিড়াল ।

লাল কলম। মোটা মানুষ। বড়ো কুকুর।

নূতন ছেলে । পাগল গাভী। খারাপ বিড়াল ।

বিশেষ্য ও বিশেষণ কাহাকে বলে পুনরাবৃত্তি করাইয়া পরপৃষ্ঠায় লিখিত প্রকারে কতকগুলি শব্দ ও তাহার অর্থ বোর্ডে লিখিবেন—ছাত্রকে কোন্‌গুলি বিশেষ্য ও বিশেষণ বাছিতে বলিবেন।

The ink কালি

The sun সূর্য

The bed বিছানা

Hot গরম

New নূতন

Wet ভিজা

The mat মাদুর

Low নিচু

Dry শুক্‌নো

The ass গাধা

Old বৃদ্ধ , পুরানো

পরে অর্থ-সহিত নিম্নলিখিত আরো কতকগুলি বিশেষণ বোর্ডে লিখিয়া এ পর্যন্ত যতগুলি বিশেষ্য শব্দ পাইয়াছে, তাহাদের সহিত বিশেষণগুলি যোজনা করিতে বলিবেন। যোজনাকালে অর্থসংগতির প্রতি দৃষ্টি রাখিতে হইবে।

Rich kind ugly soft warm
idle tame wild hard good
flat thin long lame

ইংরেজি করো—

খারাপ লাল কালী। ভিজা ঠাণ্ডা মাদুর ।

বৃদ্ধ মোটা গাধা। বড়ো পাগলা কুকুর ।

শুক্নো গরম বিছানা। পুরানো খারাপ কলম ।

লাল মোটা গাভী। ধনী দয়ালু মানুষ ।

ভালো নরম বিছানা। বিশ্রী বুনো বিড়াল ।

বড়ো পোষা কুকুর। অলস নূতন ব্যক্তি ।

বিপরীতার্থক ইংরেজি বিশেষণ পদগুলি বাংলা অর্থ-সহ বোর্ডে লিখিয়া নিম্নলিখিত প্রশ্নগুলি জিজ্ঞাসা করিবেন।

Poor দরিদ্র

Small ছোটো

High উঁচু

Pretty সুন্দর

Cruel নিষ্ঠুর

Cool ঠান্ডা

Short খাটো

Food খাবার

good ভালো

Is the old man rich?
No, the old man is not rich, the old man is poor.
Is the thin nose big?
No, the thin nose is not big, the thin nose is small.
Is the hot food good?
Is the hard desk low?
Is the poor girl ugly?
Is the ugly boy kind?
Is the soft hand warm?
Is the new pen long?

ষষ্ঠ পাঠের প্রশ্নগুলিকে যত দূর সম্ভব নেতিবাচক ভাবে উত্তর করাইয়া লইবেন।

৯

The man has a dog.
The boy has a book.
The girl has a goat.
The cat has a nose.
The lamb has a head.

ইংরেজি করো—

মেয়েটির একটি গাভী আছে।

ছেলেটির একটি পাখা আছে।

মানুষটির একটি মেষশাবক আছে।

সুশ্রী মেয়েটির একটি গাধা আছে।

গরীব ছেলেটির একটি নৌকা আছে।

নিষ্ঠুর মানুষটির একটি মাদুর আছে।

দরিদ্র মেয়েটির একটি ছোটো বিছানা আছে।

খাটো মানুষটির একটি সুন্দর পাখি আছে।

বিশ্রী ছেলেটির একটি উঁচু ডেস্ক আছে।

মেষশাবকের (একটি) লম্বা মাথা (আছে)।

পাতলা মানুষটির (একটি) উঁচু বড়ো নাক (আছে)।

গরীব ছেলেটির একটি পুরানো খারাপ কলম আছে।

প্রশ্নোত্তর

Has the man a dog?
Yes, the man has a dog.
Who has a dog?
The man has a dog.
What has the man?
The man has a dog.
Has not the man a dog?
Yes, the man has a dog.

উক্তরূপ পর্যায়ে নিম্নের প্রশ্নগুলি জিজ্ঞাসা করিবেন।

Has the girl a goat?
Has the boy a book?
Has the cat a nose?
Has the lamb a head?
Has the girl a cow?
Has the boy a bird?
Has the man a lamb?

১০

Has the pretty girl a cat?
Yes, the pretty girl has a cat.
Who has a cat?
The pretty girl has a cat.
Which girl has a cat?
The pretty girl has a cat.
What has the pretty girl?
The pretty girl has a cat.
Has not the pretty girl a cat?
Yes, the pretty girl has a cat.

এইরূপ পর্যায়ে প্রশ্নগুলি প্রয়োগ করিবেন।

Has the poor boy a boat?
Has the cruel man a mat?
Has the ugly ass a nose?
Has the pretty lamb a head?

পরে কর্মে (object) একটি বিশেষণ সংযুক্ত করিয়া নিম্নলিখিত পর্যায়ে পরবর্তী প্রশ্নগুলি করিবেন। নূতন শব্দ পাইলে শিক্ষক তাহার অর্থ ছাত্রকে দিয়া লিখাইয়া ও পুনঃ পুনঃ বলাইয়া লইবেন।

Has the poor man a tame dog?
Which man has a tame dog?
What has the poor man?
What kind of dog has the poor man?
Has not the poor man a tame dog?

Leg	পা
Tail	লেজ
Sweet	মিষ্ট
Sour	টক
Bitter	তিক্ত
Dead	মৃত
Live	জীবিত
Cake	পিষ্টক
Mango	আম
Pill	বটিকা

Has the lame boy a high desk?
Has the ugly cat a flat nose?
Has the red cow a lame leg?

Has the pretty bird a long tail?
Has the kind girl a sweet cake?
Has the poor boy a sour mango?
Has the old man a bitter pill?
Has the cruel man a dead bird?
Has the rich girl a live goat?

নেতিবাচক—

Has the poor man a tame dog?
No, the poor man has not a tame dog, the poor man has a wild dog.

এইভাবে উপরিলিখিত প্রশ্নগুলির উত্তর করাইয়া লইবেন।

১১

It is a cat. He is the boy.
It is a tree. He is the prince.
It is a bed. He is a doctor.
It is the leg. He is a king.
It is the boy. He is the brother.
It is the boat. He is the uncle.

She is a girl.
She is the maid.
She is the cook.
She is the queen.
She is the sister.

She is the aunt.

নেতিবাচক করো , যথা —

It is not a cat .

এ একটা সিংহ (lion) ।

এ চাঁদ (moon) ।

এটা হাত (hand) ।

এ একটা পেয়ালা(cup) ।

এ একটা কলম (pen) ।

এটা ঘোড়া (horse)।

এ একটি চাকর (servant) ।

এ রুটিওয়ালা (baker) ।

এ হরি ।

এ দর্জি (tailor) ।

এ একটি মাল্লা (sailor) ।

এ মুটে (porter) ।

এ একটি স্ত্রীলোক (woman) ।

এ দাই (nurse) ।

এ গয়লানী (milk-maid) ।

এ মেথরাণী (sweeper) ।*

এ রাজকন্যা (princess) ।

এ ভিখারিণী (beggar) ।*

*মেথর বা ভিখারী-যে স্ত্রীলোক তাহা বিশেষভাবে বুঝাইতে হইলেsweeper ও beggar শব্দের পরে woman যোগ করিয়া দিতে হয়।

উপরের পাঠটি ‘there is’ বাক্যযোগে সাধাইয়া নেতিবাচক করাইতে হইবে। যথা—

There is a cat.

There is no cat.

প্রশ্নোত্তর, যথা—

Is there a cat?
No, there is no cat, there is a dog.

১২

It is hot .(গরম পড়িয়াছে)

It is cold .(ঠান্ডা পড়িয়াছে)

It is summer .(এখন গ্রীষ্মকাল)

It is autumn .
It is winter. It is spring.

প্রশ্নোত্তর, যথা — Is it hot?

No, it is not hot, it is cold.
It is a hot summer.
It is a cold winter.
It is a wet autumn.
It is a warm spring.

প্রশ্নবাচক , যথা — Is it a hot summer? or,

Is the summer hot? No, it is cool.

It is hot in my room.
It is cold in her garden.
It is cold in the hills.
It is warm in Madras.

It is not hot but dry.
It is not cold but damp.

না, রাম মাল্লা নয়, কিন্তু সে রুটিওয়ালা।

ও কি ভাই?

না, ও ভাই নয়, কিন্তু ও খুড়ো।

ও কি মা?

না, ও মা নয়, কিন্তু ও মাসি।

ও কি আপন ভাই (brother)?

না, ও আপন ভাই নয়, কিন্তু খুড়তুতো ভাই(cousin).

ও কি মেথর?

না, ও মেথর নয়, কিন্তু ও ভিখারী।

বিড়ালটি কি ভালো?

না, ভালো নয়, কিন্তু কুশ্রী।

ঐ লাল সিংহ কি বুনো?

না, ও বুনো নয়, কিন্তু ও পোষা।

ঐ মোটা পাচক কি বুদ্ধিমান(clever)?

না,সে বুদ্ধিমান নয়,কিন্তু ভালো।

ঐ রাজকন্যা পীড়িত?

না, পীড়িত নয়, কিন্তু ক্ষুধিত।

They are bakers.
They are girls.
These are cats.
These are tables.
Are these books?

No, these are not books, but these are pencils.
Are these birds?
No, these are not birds, but these are flowers.

১৩

The man is not there.
There is no man.
It is a goat. It is not a goat.

ইংরেজি করো—

মানুষ আছে ।	মানুষের আছে ।
গোরু আছে ।	গোরুর আছে ।
ছাগল আছে ।	ছাগলের আছে ।
মেষশাবক আছে ।	মেষশাবকের আছে ।
বালিকা আছে ।	বালিকার আছে ।
গাধা আছে ।	গাধার আছে ।
বিড়াল আছে ।	বিড়ালের আছে ।
কুকুর আছে ।	কুকুরের আছে ।

“আছে” শব্দের ইংরেজিতে ‘There is’ পদের ব্যবহার এই সঙ্গেই ছাত্রদিগকে অভ্যাস করাইতে হইবে। যথা, The man is , There is the man. The thin man is, There is the thin man. এইরূপে সমস্ত পাঠটি there is-শব্দযোগে নিষ্পন্ন করাইয়া লইতে হইবে।

১৪বাংলা করো—In the room (ঘরেতে)

in the bag in the sea in the tub
in the sky in the well in the road
in the town in the cup in the tank
in the food in the head in the hand

ইংরেজি করো—

বিছানাতে মাদুরে বহিতে

হাতে মাথায় সূর্যে

কালীতে খাবারে ডেস্কে

নৌকায় নাকে কানে

লেজে পায়ে বড়ো ব্যাগে

ছোটো ঘরে নূতন টবে লাল আকাশে

শুষ্ক কূপে দীর্ঘ পথে পুরাতন শহরে

খারাপ পেয়ালায় ভরা পুকুরে

১৫

The cup is in the bag.
The tub is in the road.
The sun is in the sky.
The road is in the town.
The bag is in the room.

There is -শব্দযোগে এই পাঠ পুনরাবৃত্তি করাইতে হইবে।

ইংরেজি করো—

একবার is একবার there is-শব্দযোগে অনুবাদ করাইতে হইবে

নৌকা সমুদ্রে আছে। মাদুর বিছানায় আছে।

খাবার হাতে আছে। নাক মুখে আছে।

কালী পেয়ালায় আছে।

নূতন নৌকা লোহিত সমুদ্রে নাই।

পুরাতন মাদুর শক্ত বিছানায় নাই।

গরম খাবার ভিজা হাতে নাই।

মোটা মেয়েটি ছোটো ঘরে নাই।

মৃত ছাগলটি শুক্‌নো রাস্তায় নাই।

সুন্দর পাখি লাল আকাশে নাই।

নরম বিছানা ভিজা ঘরে নাই।

প্রশ্নের উত্তরে "There is" শব্দের অভ্যাস করাইতে হইবে।

Where is the cup?
What is in the bag?

Is the cup in the bag?
Is there a cup in the bag?
Is not the cup in the bag?

শেষোক্ত দুই প্রশ্নের উত্তরে ইতিবাচক(affirmative)ও নেতিবাচক (negative)দুইরূপই বলাইয়া লইতে হইবে। যথা — Yes, there is a cup in the bag.

অথবা — No, there is no cup in the bag.

এই পর্যায়ে এই পাঠস্থিত সমস্ত ইংরেজি বাক্য, ও বাংলা হইতে ইংরেজি তর্জমাগুলি প্রশ্নরূপে প্রয়োগ করাইয়া উত্তর করাইয়া লইবেন।

Is the cup in the sky?
No,the cup is not in the sky, the cup is in the bag.
Is there a cup in the sky?
No, there is no cup in the sky.
Is the mat in the sea?
No,the mat is not in the sea,the mat is in the room.
Is there a mat in the sea?
No, there is no mat in the sea.

এই ভাবে পাঠস্থিত বাক্যগুলিকে অসংগত প্রশ্নরূপে প্রয়োগ করিয়া সংগত উত্তর বলাইয়া লইবেন।

১৬বাংলা করো—

Smell this flower. Smell that leaf.
Smell this oil. Smell this rose.
Smell this mango. Smell this fruit.

Smell the lemon. Smell this banana.
Smell that handkerchief. Smell the grass.
The king has a crown.
The lad has a coat.
The shoe has a hole.
The thief has a ring.
The shop has a door.
The horse has a groom.
The house has a room.
The deer has a tail.

ইংরেজি করো—

মানুষটির একটি পেয়ালা আছে।

বিছানাটায় একটি মাদুর আছে।

বালকটির একটি পাখি আছে।

গাভীটির একটি লেজ আছে।

বালকটির একটি নৌকা আছে।

হরির একটি পিষ্টক আছে।

রামের একটি বই আছে।

শ্যামের একটি বিছানা আছে।

গাভীর একটি লম্বা লেজ আছে।

কুকুরের একটি বিশ্রী নাক আছে।

বালকটির একটি লাল ছাগল আছে।

বালকটির একটি সাদা মেষশাবক আছে।

খোঁড়া মানুষের একটি সরু পা আছে।

নেতিবাচক বিকল্পে—

The man has not a cup.
The man has no cup.

প্রশ্নোত্তর

What has the king?
Who has the crown?
Has the king a crown?
Has the king a cup?
What has the cow?
Who has the long tail?
What kind of tail has the cow?
Has the cow a short tail?

এইরূপ পর্যায়ে প্রশ্নোত্তর করিয়া যাইবেন।

প্রশ্নোত্তর

Has the man a pen?
Yes, the man has a pen.
Where has the man a pen?
The man has a pen in the bag?

এই ভাবে এই পাঠস্থিত বাক্যগুলিকে প্রশ্নরূপে প্রয়োগ করিয়া উত্তর বলাইয়া লইবেন।

Has the man a pen in the well?
No,the man has not a pen in the well,
The man has a pen in the bag.

এইরূপ অসংগত প্রশ্নের সংগত উত্তর করাইয়া লইবেন।

১৭বাংলা করো—On the tree গাছের উপরে

on the roof on the hill on the bench
on the chair on the wall on the rose
on the back on the floor on the flower

বিছানার উপর মাদুরের উপর বহির উপর

ডেস্কের উপর হাতের উপর মাথার উপর

নৌকার উপর নাকের উপর কানের উপর

লেজের উপর টবের উপর রাস্তার উপর

পেয়ালার উপর প্রদীপের উপর পায়ের উপর

একবার is ও একবার there is-শব্দযোগে অনুবাদ করাইতে হইবে।

ইংরেজি করো—

গাছের উপর পাখি আছে ।

ছাদের উপর বিড়াল আছে ।

বেঞ্চর উপর পুস্তক আছে ।

চৌকির উপর ফুল আছে ।

টেবিলের উপর খাবার আছে ।

কোলের উপর হাত আছে ।

পাহাড়ের উপর মেষশাবক আছে ।

মাথার উপর মাছি আছে । (মাছি: fly)

নাকের উপর একটি ফোড়া আছে । (ফোড়া: boil)

চতুর্দশ পাঠের ন্যায় বিভিন্নরূপে প্রশ্নোত্তর করাইতে হইবে। যথা—

Is the bird on the tree?
Who is on the tree?
Where is the bird?
Is the bird on the lamp? etc.

There is শব্দের ব্যবহার আবশ্যক।

পুরাতন ছাদের উপর পাখিটি আছে।

নিচু দেয়ালের উপর বিড়ালটি আছে।

শক্ত বেঞ্চর উপর বালকটি আছে।

কোমল আসনের উপর রাজা আছে।(আসন: seat)

লাল দেয়ালের উপর প্রদীপটি আছে।

শুষ্ক গোলাপের উপর মাছি আছে।

উঁচু পাহাড়ের উপর গাছটি আছে।

প্রশ্নোত্তর

There is শব্দটি ব্যবহার্য—

Is the bird on the old roof?
Where is the bird?
Is there a bird on the old roof?
Who is on the old roof?
On what kind of roof is the bird?
Is the bird on the water?
Is there a bird on the water?

এইরূপ পর্যায়ে উল্লিখিত বাংলার ইংরেজি তর্জমাগুলিকে প্রশ্নের আকারে প্রয়োগ করিবেন।

১৮

ঘরে রাজার একটি মুকুট আছে ।

ঘরে রাজা আছে ।

গাছের উপর হরির একটি পাখি আছে ।

গাছের উপর হরি আছে ।

শেল্‌ফের উপর রামের একটি বই আছে ।

দোকানে রাম আছে ।

বেঞ্চর উপর বালকের একটি পাত্র আছে ।

বালক বেঞ্চর উপরে আছে ।

ব্যাগে চোরের একটি আংটি আছে।

আংটি ব্যাগে আছে ।

চৌকির উপর বালিকার একটি জুতা আছে ।

বালিকাটি চৌকির উপরে আছে ।

থালায় (plate) শ্যামের একটি পিষ্টক আছে ।

পিষ্টক পেয়ালায় আছে ।

মাদুরের উপরে মহিলার একটি আংটি আছে ।

মহিলা মাদুরের উপরে আছে ।

নৌকায় চোরের একটি কোর্তা আছে।

চোর নৌকায় আছে ।

Has the king a crown in the room?
What has the king in the room?
Where has the king a crown?
Has the king a goat in the room?
Has not the king a goat in the room?

এইরূপ পর্যায়ে পূর্বোক্ত বাংলার ইংরেজি তর্জমাগুলি প্রশ্নের আকারে প্রয়োগ করিবেন।

১৯বাংলা করো—

The roof of the house বাড়ির ছাদ

The tree of the garden

The horn of the cow

The bench of the school

The chair of the father

The wall of the fort

The back of the cow

The top of the hill

ইংরেজি করো—

হরিণের মুণ্ড	হাঁসের পা	খাইবার পাত্র
শহরের রাস্তা	বিছানার মাদুর	দোকানের দরজা
সহিসের জুতা	মহিলার আংটি	চোরের কোর্তা
ছোকরার ঘোড়া	চাকরাণীর প্রদীপ	রাজার মুকুট

বাড়ির ছাদটি উঁচু ।	বাগানের গাছটি নিচু ।
গাভীর শিংটি বিশ্রী ।	স্কুলের বেঞ্চটি লম্বা ।
রাজার চৌকিটি নরম ।	দুর্গের প্রাচীরটি শক্ত ।
চৌকির পিঠটি পাতলা ।	পাহাড়ের উপরটা চ্যাপ্টা ।
হরিণের মুণ্ড সুশ্রী ।	হাঁসের পা খাটো ।
পাচকের পাত্রটি নূতন ।	শহরের রাস্তা লম্বা ।
বিছানার মাদুরটি ভালো ।	দোকানের দরজা ছোটো ।
সহিসের জুতা শুক্‌না।	মহিলার আংটি ভালো ।
চোরের কোর্তা পুরানো।	ছোকরার ঘোড়াটি খোঁড়া ।

চাকরাণীর প্রদীপটি নিচু।

স্কুলের বেঞ্চটি বাগানে আছে।

বাবার চৌকিটি ছাতের উপর আছে।*

হরিণের মুণ্ডটি ব্যাগে আছে।

দুর্গের প্রাচীরটি পাহাড়ের উপরে আছে।

বিছানার মাদুরটি টবে আছে।

পাচকের পিষ্টকটি পেয়ালায় আছে।*

সহিসের জুতাটি কূপে আছে।*

মহিলার আংটিটি চৌকির উপরে আছে।*

পাচকের প্রদীপটি বাগানে আছে।*

রানীর কুকুরটি পাহাড়ের উপর আছে।*

রাজার জাহাজটি সমুদ্রে আছে।

চোরের কোর্তাটি গাছের মাথার(top) উপরে আছে।

বালিকার বইটি বাপের ব্যাগে আছে।

বালিকার হাতটি গাভীর শৃঙ্গের উপর আছে।

রাজার মুকুটটি রানীর মাথার উপরে আছে।

মানুষটির দোকান শহরের বাগানে আছে।

পাচকটির পাত্রটি স্কুলের চৌকির উপর আছে।

গাভীর খাদ্য গাধার পিঠের উপরে আছে।

বালিকার গোলাপ সহিসের হাতে আছে।

দুই প্রকারে তর্জমা করাইতে হইবে।

* তারা-চিহ্নিত বাক্যগুলি দুই প্রকারে তর্জমা হইবে। যথা— The father's chair is on the roof, The father has a chair on the roof . বিকল্পে there is শব্দ যথাস্থানে ব্যবহার্য।

২০ Plural (বহুবচন)

The round balls the white clouds
the black boards the brave lions
the strong bears the blue stones
the bright stars the green sticks
the sharp thorns

উজ্জ্বল মেঘগুলি সবুজ পাথরগুলি

পোষা সিংহগুলি খোঁড়া ভল্লুকগুলি

শক্ত তক্তাগুলি তীক্ষ্ম পাথরগুলি

তাজা কাঠিগুলি কালো ভল্লুকগুলি

বাংলা করো—

The balls are round.

The boards are black. ইত্যাদি।

বহুবচনে are হয় বুঝাইয়া দিবেন।

ইংরেজি করো—

মেঘগুলি সাদা । তক্তাগুলি কালো । ইত্যাদি ।

উপরের ইংরেজি ও বাংলা তর্জমাগুলি ছেলেদের দিয়া ক্রিয়াযুক্ত করাইয়া লইবেন।

ইংরেজি করো—

লাল গোলাগুলি বড়ো । সাদা মেঘগুলি পাতলা ।

কালো তক্তাগুলি নূতন। সাহসী সিংহগুলি বন্য ।

সবল ভল্লুকগুলি পোষা। নীল পাথরগুলি সুশ্রী ।

উজ্জ্বল তারাগুলি লাল । সবুজ কাঠিগুলি লম্বা ।

তীক্ষ্ম কাঁটাগুলি শুষ্ক ।

উল্লিখিত পাঠ লইয়া নিম্নলিখিত ভাবে প্রশ্নোত্তর করাইতে হইবে।

Are the balls round?
Yes, the balls are round.
What are round?
The balls are round.
Are the balls flat?
No,the balls are not flat; the balls are round.

বিশেষণ-যুক্ত পদগুলি নিম্নলিখিতভাবে প্রশ্নে পরিণত করিবে।

Which balls are big?
The red balls are big.
Are the red balls big?
Yes, the red balls are big.
Are the red balls small?
No, the red balls are not small, the red balls are big.
Are the big balls white?
No, the big balls are not white, the big balls are red.
Are not the red balls big?
Yes, the red balls are big.

২১ইংরেজি করো—

বিকল্পে are ও there are-যোগে নিষ্পন্ন করিতে হইবে

গোলাগুলি চৌকির উপরে আছে।

মেঘগুলি আকাশে আছে।

তক্তাগুলি বেঞ্চর উপরে আছে।

সিংহগুলি বাগানে (park) আছে।

ভল্লুকগুলি পাহাড়ের উপরে আছে।

পাথরগুলি জাহাজে আছে।

কাঠিগুলি (লাঠিগুলি) বাগানে (garden) আছে।

গর্তগুলি জুতায় আছে।

কাঁটাগুলি গাছে আছে।

উল্লিখিত বাক্যগুলিকে একবার একবচন ও পরে অধিকরণ পদগুলিকে বহুবচন করিয়া ইংরেজি করো। যথা—

সিংহ বাগানে আছে।

সিংহগুলি বাগানগুলিতে আছে।

লাল গোলাগুলি চৌকির পিঠের উপর আছে।

সাদা মেঘগুলি পাহাড়ের মাথার উপরে আছে।

কালো তক্তাগুলি স্কুলের বাগানে আছে।

বড়ো সিংহগুলি শহরের বাগানে আছে।

বিড়ালগুলি হরির দোকানে আছে।

পাথরগুলি দুর্গের প্রাচীরের উপর আছে।

লম্বা কাঠিগুলি বাড়ির ছাদের উপরে আছে।

তীক্ষ্ম পেরেকগুলি সহিসের জুতায় আছে।

অধিকরণ কারকগুলিতে বহুবচন করিয়া তর্জমা করো। যথা—

লাল গোলাগুলি চৌকির পিঠে আছে।

প্রশ্নোত্তরের দৃষ্টান্ত

Are the balls on the chair?
Are there balls on the chair?
Where are the balls?
What are there on the chair?
Are there horses on the chair?
Are there not balls on the chair?
How many balls are there on the chair?
Is there only one ball on the chair?

শেষোক্ত প্রশ্নদ্বয়ের উত্তরে সংখ্যাবাচক বিশেষণগুলি প্রয়োগ করিতে হইবে।

বিশেষণযুক্ত পদের প্রশ্নের নমুনা

Are the red towels on the back of the chair?
Are there the red towels on, etc.
What are there on the back, etc.
Where are the red towels?
Which towels are there on the, etc.
On the back of what are the red, etc.
What kind of towels are on the back, etc.
Are there the red towels on the, etc.
Are there not the red towels on the, etc.

ইংরেজি করো—

রামের লাল তোয়ালেগুলি চৌকির পিঠের উপরে আছে।

আকাশের সাদা মেঘগুলি পাহাড়ের মাথার উপরে আছে।

শিক্ষকটির কালো বোর্ড্‌গুলিস্কুলের বাগানে আছে।

রাজার বড়ো সিংহগুলি শহরের পার্কে আছে।

উক্ত বাক্যগুলিকে অধিকরণপদে উপযুক্ত বিশেষণ যোগ করিয়া ইংরেজি করো।

২২বাংলা করো—

The boys have a ball.
The brothers have a horse.
The uncles have a farm.
The sisters have a dove.

উক্ত বাক্যগুলিকে একবচন করো, কর্মকে বহুবচন করো।

প্রশ্নোত্তরের নমুনা

What have the boys?
Who have the balls?
Have the boys the balls?
How many balls have the boys?
Have the boys only one ball?
Have the boys a dish?
Have not the boys a ball?

বাংলা করো—

The mares have no stable.
The beggars have no cap.
The bees have no hive.
The crows have no nest.
The fields have no shade.

একবচন করো—

বাক্যগুলিকে অস্তিবাচক করো, যথা—

The mares have a stable.

ইংরেজি করো—

বাগানগুলির শীতল ছায়া আছে।

বাগানগুলির ছায়া শীতল।

গোলাপগুলিত তীক্ষ্ম কাঁটা আছে।

গোলাপগুলির কাঁটা তীক্ষ্ম।

ঘোড়াগুলির একটা লম্বা আস্তাবল আছে।

ঘোড়াগুলির আস্তাবলটি লম্বা।

মৌমাছিগুলির একটি গোল চাক্ আছে।

মৌমাছিগুলির চাক্টি গোল।

ডাক্তারদের একটি চ্যাপ্টা বোতল আছে।

ডাক্তারদের বোতলটি চ্যাপ্টা।

দুই প্রকার তর্জমা করিতে হইবে—

The garden has a tall tree.

There is a tall tree in the garden.

প্রশ্নোত্তর

Is there a tall tree in the garden?

Has the garden a tall tree?

Is the tree of the garden tall?

What kind of trees has the garden?

Has not the garden a tall tree?

ইংরেজি করো—

টুপিগুলিতে একটিও ছিদ্র নাই।

চাক্‌গুলিতে একটিও মৌমাছি নাই।

গাছগুলির একটিও কাঁটা নাই।

গোলাবাড়িতে একটিও গোরু নাই।

বাসায় একটিও কাক নাই।

বালকদের একটিও গোলা নাই।

ভাইদের একটিও ঘোড়া নাই।

ডাক্তারদের একটিও বোতল নাই।

২৩

বাক্যগুলির প্রত্যেক বিশেষ্য পদের সহিত একটি করিয়া উপযুক্ত বিশেষণ যোজনা করিয়া ইংরেজি করো—

স্কুলের বালকদের একটি ডেস্ক আছে।

শহরের ডাক্তারদের একটি দোকান আছে।

রাজার বাগানের একটি গেট (gate) আছে।

লোকটির ভাইদের একটি পাচক আছে।

ঘরের দেয়ালগুলির একটি ছাদ আছে।

পাহাড়ের রাজার একটি মুকুট আছে।

রানীর সহিসদের একটি নৌকা আছে।

স্কুলের বালকদের একটি ডেস্ক ঘরে আছে।

শহরের ডাক্তারদের একটি দোকান পাহাড়ের উপরে আছে।

রাজার শহরের বাগানে একটি গেট আছে।

লোকটির ভাইদের একটি পাচক বাড়িতে আছে।

পাহাড়ের রাজার একটি মুকুট ব্যাগে আছে।

রানীর সহিসদের একটি নৌকা পুকুরে আছে।

রাজার পাচকদের বিড়ালটি প্রাচীরের উপর আছে।

ডেস্ক প্রভৃতি শব্দ বহুবচন করিয়া তর্জমা করো।

প্রশ্নোত্তর

Who have a desk in the room?
Where have the boys a desk?
Have the boys of the school a desk?
Have the boys of the school a lamb?
What have the boys of the school?

২৪বাংলা করো—

I am angry.	We are well.
You are ill.	You are clever.
He is happy.	They are slow.
Ram is sad.	The stags are quick.
It is bad.	The books are good.
She is kind.	They are cruel.

ইংরেজি করো—

তিনি পাগল । আমি খোঁড়া। তিনি মোটা।

তাঁরা পাতলা । আমরা শক্ত । ইত্যাদি ।

প্রশ্নোত্তরের নমুনা—

Q. What am I?	A. You are angry.
Q. Am I angry?	A. Yes,you are angry.
Q. Am I happy?	A. No,you are angry.

প্রশ্নোত্তরের নমুনা—

আমি দুর্গে আছি।

তাঁরা প্রাচীরে আছেন।

তিনি পুকুরে আছেন।

তুমি গাছের উপরে আছ।

আমরা ঘরে আছি।

তোমরা বিছানায় আছ। ইত্যাদি।

প্রশ্নোত্তর

Where am I? Am I in the fort?
Am I not in the fort? Am I in the well?
Who is in the fort?

২৫বাংলা করো—

I am in my room. You are in your shop.
He is on his bench. We are in our garden.
They are on their boat. You are on your roof.
Hari and Ram are in their town.
She is in her bed.

ইংরেজি করো—

আমি আমার বিছানায় আছি।

তুমি তোমার মাদুরে আছ।

তিনি তাঁহার দোকানে আছেন।

তিনি (মেয়ে) তাঁর ঘরে আছেন।

যদু আর মধু তাঁদের আস্তাবলে আছেন।

আমরা আমাদের পুকুরে আছি।

তোমরা তোমাদের বাগানে আছ।

তাঁরা তাঁদের বাড়িতে আছেন।

তুমি আর শ্যাম তাঁর বিছানায় আছ।

শ্যাম আমার মাদুরে আছে। ইত্যাদি।

প্রশ্নোত্তর

Am I in bed?
Who is in my bed?
Where am I?
Am I in your bed?
In whose bed am I?

২৬

একবার ‘is’ ‘there is’ এবং একবার ‘has’ -যোগে তর্জমা করিতে হইবে যথা—

My dog is in your room.
There is my dog in your room.
I have my dog in your room.

ইংরেজি করো—

আমার কুকুর তোমার ঘরে আছে।

তাঁদের মিঠাই আমাদের পাত্রে আছে।

তাঁর ঘোড়া আমাদের আস্তাবলে আছে।

ইত্যাদি।

বিশেষ্যগুলিতে বিশেষণ যোগ করো।

প্রশ্নোত্তর

Is my dog in your room?
Is there my dog in your room?
Who is in your room?
Have I my dog in your room?
Have I my cat in your room?

বাংলা করো—

The ducks of our father are in our tank,

ইংরেজি করো—

তাদের স্কুলের বোর্ডগুলি আমাদের বাগানে আছে।

আমার ভাইয়ের জামা তাঁর ব্যাগে আছে। ইত্যাদি।

২৭বাংলা করো—

I have the milk. You have the flower.
He has the silk. We have the sword.
You have the butter. They have the grapes.
Hari has the water. I have the pure milk.
Hari and Madhu have the dolls.
You have the yellow flower.
He has the bright silk.
We have the blunt sword.
You have the fresh butter.
They have the ripe grapes.
Hari and Madhu have the nice doll.
Hari has the boiled water.

ইংরেজি করো—

আমার ফুল আছে । তোমার দুধ আছে ।

তাঁহার তলোয়ার আছে । আমাদের রেশম আছে ।

তোমাদের আঙ্গুর আছে। তাহাদের মাখন আছে ।

হরি এবং মধুর গোলাপ আছে । হরির পুতুল আছে ।

তাঁহার ভোঁতা তলোয়ার আছে ।

আমাদের উজ্জ্বল রেশম আছে ।

তোমার জ্বাল-দেওয়া দুধ আছে ।

তোমার কাঁচা (green)ফল আছে ।

তাহাদের তাজা মাখন আছে ।

হরি এবং মধুর গরম জল আছে ।

আমার ধান (rice)তোমার বাড়ির ছাদের উপর আছে ।

তোমার দুধ আমার পাচকের পাত্রে আছে।

তাঁহার তলোয়ার তাঁহার দুর্গের দেওয়ালের উপর আছে।

আমাদের রেশম তোমাদের বিছানার মাদুরের উপর আছে ।

তোমার আঙ্গুর আমার পিতার ব্যাগে আছে।

বাংলা করো—

My pen is on the table in my room.
The butter is on the shelf in your bed-room.
Your doll is on the bench in her garden.
Her son is on the bed in my house.
My ball is in the box in your school.

শব্দমালা

বাক্যরচনা-চর্চার উদ্দেশ্যে

Noun	Adjective	Noun	Adjective
Hair	Thin	Knee	Hard
Head	Thick	Bone	Soft
Eyes	Black	Foot	Cold
Nose	Dark	Toe	Severe
Face	Fair	Ear	Nasty
Teeth	Bright	Nostril	High
Tongue	Mild	Neck (গ্রীবা)	Bad
Gum	Clean	Ankle	Deep
Lips	Dirty	Shoulder (স্কন্ধ)	Old
Cheek	Long	Elbow	Young
Hand	Short	Forehead	Naughty
Arm	Straight	Cart	Noisy
Finger	Bent	(Motor)Car	Full
Nail	Broad	Steamer	Empty
Chest	Narrow	Ship	Loaded
Back	Sharp	Tram	Smoky
Stomach	Smooth	Bus	Broad
Leg	Rough	Lorry	Narrow
Temple (রগ্)	Clever	Washerman	Sour
Eyebrow	Jolly	Food	Fried
Eyelashes	Funny	Rice	Bitter
Father	Kind	Bread	Hot
Mother	Loving	Butter	Stale
Brother	Fond	Milk	Fresh
Sister	Angry	Tea	Rotten

Baby	Lazy	Egg	Soft
Cousin	Greedy	Fish	Crisp
Aunt	Fat	Flour	Raw
Grandfather	Thin	Meat	Early
Grandmother	Sick	Lemon	Late
Grandson	Strong	Orange	Long
Granddaughter	Full	Breakfast	Short
Daughter	Short	Oil	Thick
Son	Dirty	Lunch	Fine
Niece	Tidy (পরিপাটী)	Salt	Woollen
Nephew	Green	Dinner	Cotton
Servant	Cold	Vegetable	Silk
Maidservant	Cooked	Sugar	Tight
Cook	Sweet	Onion	Loose
Barber	Boiled	Potato	Torn
Turnip	Coloured	Ring	Thick
Radish	Plain	Necklace	Hard
Cauliflower	High	House	Soft
Cabbage	Low	Cottage	Scented
Cucumber	Tiled	Bed	High
Mango	Thatched	Pillow	Low
Shirt	Shut	Mattress	Hard
Socks	Open	Rug	Soft
Coat	Opened	Blanket	Warm
Vest	Airy	Quilt	Cosy
Trousers	Painted	Pillow-case	Wooden
Shorts	Marbled	Bed-cover	Double
Frock	Dark	Curtain	Single
Shoe	Red	Cot	White
Boots	White-washed	Lamp	Coloured
Slippers	Full	Horse	Plain
Sandals	Empty	Dog	White

Belt	Dry	Cat	Black
Shawl	Wet	Cow	Brown
Watch	Small	Calf	Tame
Bracelets	Large	Goat	Wild
Sheep	Lean	Kid	Fat
Lamp	Tiny	Lake	Hot
Lion	Cunning	Earth	Cold
Tiger	Clever	Rain	Dark
Rat	Foolish	Mist	Silent
Mouse	Cruel	Dew	Deep
Frog	Strong	Morning	Shallow
Snake	Grey	Noon	Muddy
Sun	Red	Evening	Thick
		Afternoon	Wet
Moon	Bright	Night	Damp
Star	Blue	Sea	Dry
Sky	Round	Cart	Slow
River	Cool	Carriage	Fast
Noun	Noun	Noun	Noun
Hut	Temple	Window	Wall
Doors	Gate	Floor	Ceiling
Skin	Cough	Waist	Sore
Mouth	Fever	Wrist	Boil
Throat	Measles	Thigh	Cut
Chin	Headache	Room	Roof
Bolt	Stairs	Comb	Brush
Pillar	Brick	Water	Drain
Bath	Tub	Hair Oil	Rails
Tap	Bucket	Fly	Donkey
Mug	Towel	Ant	Fox
Soap	Mirror	Mosquito	

এই শব্দমালা ইংরেজি-সহজশিক্ষার দ্বিতীয় ভাগেও ব্যবহারে লাগবে। ছাত্রেরা নিজেরা বাছিয়া লইয়া বিশেষ্য বিশেষণ যোগ করিয়া বাক্য রচনার অভ্যাস করিবে। বার বার ব্যবহারের দ্বারা এই শব্দগুলি আয়ত্ত করিতে হইবে, কণ্ঠস্থ করিয়া নহে।

দ্বিতীয় ভাগ

LESSON 1

[প্রথম ইতিবাচক বাক্যগুলিকে ব্ল্যাক্‌বার্ডে লিখিয়া রাখিতে হইবে, যথা — The boy reads, The girl cooks, The child drinks ইত্যাদি । তার পর শিক্ষার্থীকে বা শিক্ষার্থীদিগকে ক্রমান্বয়ে একটি একটি করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করিতে হইবে এবং মুখে মুখে যথোপযুক্ত উত্তর অভ্যাস করাইতে হইবে । যে ক্ষেত্রে সম্ভব শিক্ষকমহাশয় এক বা একাধিক ছাত্রদ্বারা ' ক্রিয়া' র অভিনয় করাইয়া অপরকে প্রশ্ন করিবেন ।]

The boy reads – ছেলেটি পড়ে ।

Who reads?

The girl cooks – মেয়েটি রাঁধে ।

Who cooks?

The child drinks – শিশুটি পান করে ।

Who drinks?

Gopal sells – গোপাল বিক্রি করে।

Who sells?

Hari buys – হরি কেনে ।

Who buys?

এইরূপে I sit, You stand, We play, It bites প্রভৃতি বাক্যগুলি প্রশ্নের উত্তরে অভ্যাস করাইতে হইবে । প্রত্যেক পাঠেই এইরূপে First ও Second Person প্রয়োগ শিখাইবেন।

LESSON 2 Present Continuous (ব্যাপক বর্ত্তমান কাল)

"পড়িতেছে" "রাঁধিতেছে" "কিনিতেছে" শব্দগুলি ইংরেজিতে areads, cooks, buys ও is reading, is cooking, is buying উভয় রূপেই তর্জমা করা যাইতে পারে। রূপভেদে অর্থেরও কিছু প্রভেদ হয়। The girl cooks বলিলে শুধুমাত্র ক্রিয়ার বর্তমানতা বুঝায়, The girl is cooking বলিলে ক্রিয়ার বর্তমানতা তো বুঝায়ই, অধিকন্তু তাহার কিয়ৎ-বর্তমানকাল-ব্যাপকত্বও বুঝায় অর্থাৎ যে মুহূর্তে ক্রিয়াটির প্রতি দৃষ্টি আকৃষ্ট হইল সে মুহূর্তে ক্রিয়াটি চলিতেছে, তখনও সমাপ্ত হয় নাই—ক্রিয়া সেই মুহূর্তের কিছু পূর্ববর্তী ও কিছু পরবর্তী সময় অধিকার করিয়া রহিয়াছে।

The boy is reading – ছেলেটি পড়িতেছে ।

Who is reading?

The girl is cooking – মেয়েটি রাঁধিতেছে ।

Who is cooking?

The child is drinking – শিশুটি পান করিতেছে ।

Who is drinking?

Gopal is selling – গোপাল বিক্রয় করিতেছে।

Who is selling?

Hari is buying – হরি কিনিতেছে ।

Who is buying?

LESSON 3 ইংরেজি করো—

ছেলেটি বই পড়ে ।

What does the boy do?

What does he read?

মেয়েটি ভাত রাঁধে ।

What does the girl do?

What does she cook?

শিশুটি দুধ পান করে ।

What does the child do?

What does it drink?

গোপাল ফল বেচে ।

What does Gopal do?

What does Gopal sell?

হরি রুটি কেনে ।

What does Hari do?

What does Hari buy?

প্রশ্নগুলির উত্তর নেতিবাচক করো।

LESSON 4 ইংরেজি করো—

ছেলেটি বই পড়িতেছে ।

What is the boy doing?

What is he reading?

মেয়েটি ভাত রাঁধিতেছে ।

What is the girl doing?

What is she cooking?

শিশুটি দুধ পান করিতেছে ।

What is the child doing?

What is it drinking?

গোপাল ফল বেচিতেছে ।

What is Gopal doing?

What is Gopal selling?

হরি রুটি কিনিতেছে ।

What is Hari doing ?

What is Hari buying?

LESSON 5 অর্থ করো—

The servant closes the doors.
Mother opens the box.
The gardener cuts the tree.
The maid does all your work.

নেতিবাচক করো —

Does the servant close the doors?
Does mother open the box?
Does the gardener cut the tree?
Does the maid do all your work?
The servant is closing the doors.
Mother is opening the box.
The gardener is cutting the tree.
The maid is doing all your work.
Is the servant closing the doors?
Is the mother opening the box?
Is the gardener cutting the tree?
Is the maid doing all your work?

ইহার উত্তর ইতিবাচক ও নেতিবাচক উভয়রূপে দিতে হইবে ।

[প্রশ্নবোধক বাক্যগুলি নেতিবাচক করা হইলে ইতিবাচক ও নেতিবাচক উভয় বাক্যই শিক্ষার্থীর সামনে লিখিয়া রাখিতে হইবে । তার পর প্রশ্নগুলির যথাযথ উত্তর অভ্যাস করাইতে হইবে । দৃষ্টান্ত — "Does the servant close the doors ?" এই বাক্যটি

লেখা থাকিল । ইহার নেতিবাচক —— "Does not the servant close the doors ?" ইহাও পাশে বা নিম্নে লেখা থাকিল । তখন প্রথম প্রশ্নের ইতিবাচক ও নেতিবাচক উভয় প্রকার উত্তরই আদায় করিতে হইবে — Yes, the servant closes the doors. No, the servant does not close the doors .অপর প্রশ্নের উত্তরে নিম্নলিখিত বাক্য দুইটি রচনা করাইতে হইবে । ইতিবাচক — Yes, the servant closes the doors . নেতিবাচক — No, the servant does not close the doors .]

LESSON 6 অর্থ করো—

The pupil does not smile.
The snake does not jump.
The girl does not play.
Aunt does not scold.
The tree does not move.
The wind does not blow.
The fish does not breathe.

The pupil is not smiling.
The snake is not jumping.
The girl is not playing.
His aunt is not scolding.
The tree is not moving.
The wind is not blowing.
The fish is not breathing.

ইতিবাচক করো —

Does the pupil smile?
Does the snake jump?
Does the girl play?
Does his aunt scold?

Does the tree move?
Does the wind blow?
Does the fish breathe?

Is the pupil smiling?
Is te snake jumpimg?
Is the girl playing?
Is his aunt scolding?
Is the tree moving?
Is the wind blowing?
Is the fish breathing?

LESSON 7

Who is he? ছেলে) Who is she?
Who is he? (It is a child.)
Who are you? Who is that man?
Who is this man? Who am I?
What is he? (ভৃত্য) Who is she?
Who are they? What is that man?
What is that woman?

LESSON 8to অর্থ করো—

Madhu comes to my room.
Jadu writes to his father.

Hari sells books to the pupils.
The lotus opens to the sun.
Madhu is coming to my room.
Jadu is writing to his father.
Hari is selling books to the pupils.
The lotus is opening to the sun.

নেতিবাচক করো —

প্রশ্নোত্তর

What does Madhu do?
Does Jadu write to his father?
Does Hari sell books to the pupils?
Does the lotus open to the sun?
Does Madhu come to my room?
What is Madhu doing?
Is Madhu coming to my room?
Is Jadu writing to his father?
Is Hari selling books to the pupils?
Is the lotus opening to the sun?

ইতি ও নেতিবাচক-রূপে উত্তর দিতে হইবে ।

LESSON 9

Greedily লুব্ধভাবে

Loudly উচস্বরে

Slowly ধীরে

Swiftly(Quickly) দ্রুতবেগে

Silently নীরবে

Brightly উজ্জ্বলভাবে

Sweetly মিষ্টভাবে

অর্থ করো—

The dog barks angrily.
The boy laughs loudly.
The girl writes slowly.
The horse runs quickly(swiftly).
The pupil reads silently.
The star shines brightly.
The child smiles sweetly.
The cat eats greedily.

LESSON 10Present (নিত্যবর্ত্তমান-সূচক)

বাংলায় "খায়" ও "খাইতেছে" "হাসে" ও "হাসিতেছে" প্রভৃতি শব্দগুলির অর্থ একরূপ নহে। "খায়" "হাসে" ইত্যাদি শব্দে "খাইয়া থাকে" "হাসিয়া থাকে" ইত্যাদি বুঝায়। শিক্ষক বুঝাইয়া দিবেন, The boy goes to the school বলিলে "বালকটি স্কুলে যাইতেছে" বুঝায় এবং "বালকটি স্কুলে গিয়া থাকে" ইহাও বুঝায়।

অনুবাদ করো—

He comes to school every day.
I go to Darjeeling every summer.
They take their meals twice a day.
You get your leave three times a year.

The girl goes to her father's house in the evening.
Our teacher takes his bath early in the morning.
Your nephew returns home late in the evening.
The lion roars fiercely.
The horse run swiftly.
They write good English.
We drink milk without sugar.
Man comes into the world to learn.
Tigers kill their prey.
Birds fly in the air.
Snakes glide on the earth.
The dog is barking angrily.
The boy is laughing loudly.
The girl is writing slowly.
The horse is running quickly (swiftly).
The pupil is reading silently.
The star is shining brightly.
The child is smiling sweetly.
The cat is eating greedily.

প্রশ্নোত্তর

How does the dog bark?
Does the dog bark gently?
How is the dog barking?
Is the dog barking gently? etc.

ইতিবাচক ও নেতিবাচক উত্তর করিতে হইবে।

LESSON 11An, In, On

নিম্নলিখিত বাক্যগুলির অনুবাদে at, in এবং on প্রয়োগের প্রভেদ বুঝাইয়া দিতে হইবে।

অনুবাদ করো—

কানাই রান্নাঘরে খায় । (in)

মালতী কুটীরে বাস করে । (in)

তোমাদের শিক্ষক চৌকিতে বসেন। (in)

তাঁহাদের ঘোড়া রাস্তায় দৌড়ায়। (in)

ছাত্রটি বাগানে বেড়ায় । (in)

তাঁহার (স্ত্রীলিঙ্গ) মেয়ে জানলায় বসে । (at)

আমাদের দারোয়ান (সষক্ষঢ়নক্ষ)দ্বারে দাঁড়ায় । (at)

তাঁহার ভাই ডেস্কে পড়ে । (at)

হীরা (ঢ়বন ধভতলষশধ) মাতার আংটিতে জ্বলে (shines) ।(on)

তারা আকাশে ওঠে । (in)

ফল মাটির উপর পড়ে । (on)

প্রশ্নোত্তরের নমুনা

Who eats ? (কানাই)

Where does he eat ?

Does Kanai eat in the yard ?

প্রশ্ন

Who is she? (মালতী)

Where does Malati live?

Does she live in a temple? নেতিবাচক)

Who is that man?

What does the student do? (বাগানে বেড়ায়)

Where does the student walk?

Does he walk on the road? (নেতিবাচক)

Who is this man?

What does the porter do?

Where does he stand?

Does he stand in the hall? (নেতিবাচক)

What is this?

Does the diamond shine?

Where does the diamond shine?

On whose ring does the diamond shine?

Does the diamond shine on the queen's necklace?

LESSON 12 ইংরেজি করো—

মালতী শান্তভাবে কুটীরে বাস করে (quietly)

আমাদের শিক্ষক ব্যস্তভাবে ক্লাসে আসেন । (busily)

তাঁহার পিতা ক্রুদ্ধভাবে জানালায় বসেন ।

তোমাদের ঘোড়া উন্মত্তভবে রাস্তায় দৌড়ায়।

তোমার মেয়ে নীরবে শ্লেটে লেখে।

হীরা উজ্জ্বলভাবে আমার ভগিনীর ব্রেসলেটে জ্বলে ।

নেতিবাচক করো।

প্রশ্নোত্তর

Where does Malati live?
How does she live?Does she live noisily?

(উত্তর দিবার সময় সংক্ষেপে 'no' বলিলে চলিবে না। বলিতে হইবে : She does not live noisily but lives quietly.)

What does our teacher do?
How does he come?
Does he come to the football field?
Where does his father sit?
How does he sit?
Does he sit calmly?
What does your horse do?
Where does it run?
Does it run on the roof?
How does it run?
What does your daughter do?
On what does she write?
Does she write on paper?
How does she write?
What does the diamond do?
On what does it shine?
Does it shine on the crown?
How does it shine?

LESSON 13 বহুবচন

The girls laugh.
The beggars beg.
The servants sweep.
The children dance.
The dogs bite.
The birds fly.
The students sleep.
The cows graze.
The flowers bloom.
The fishes swim.
They cry.
We stand. You walk.

Who are they? What do they do?
Do they cry?
What are those men? What do they do?
Do they scold?
What are these men? What do they do?
Do they dance?
Who are they? What do they do?
Do they jump?
What are these animals? What do they do?
Do they play?
What are these? What do they do?
Do they sleep?
Who are these men? What do they do?
Do they read?
What are these animals? What do they do?

Do they run?

What are these? What do they do?

Do they droop?

Are these fishes? What do they do?

Do they float?

What do they do? Do they laugh?

What do we do? Do we sit?

What do we do? Do we run?

একবচন করো ।

নেতিবাচক করো ।

LESSON 14

ইংরেজি করো (ইতিবাচক ও নেতিবাচক) –

বালিকারা মধুর ভাবে হাসে ।

ভিক্ষুকেরা উচস্বরে ভিক্ষা করে ।

ভৃত্যেরা মেঝে (floor)ঝাঁট দেয় ।

ছেলেরা আঙিনায় (courtyard)নাচে ।

কুকুরেরা ভীষণভাবে (fiercely)শৃগালকে কামড়ায় ।

পাখীরা ওড়ে এবং গান গায় ।

ছাত্রেরা গভীরভাবে (soundly) নিদ্রা দেয় ।

গোচারণ ভূমিতে (pasture)গাভীগুলি চরে ।

সকালে ফুলগুলি ফোটে ।

মাছেরা দ্রুতবেগে (rapidly)সাঁতার দেয় ।

প্রশ্নোত্তর

প্রয়োজন বোধ করিলে শিক্ষক একবচনেওপ্রশ্নোত্তর করাইবেন —

What do the girls do?
How do they laugh?
Do they laugh harshly?
Who are they? (ভিক্ষুক)
How do they beg? Do they beg gently?
Who are these? What do they do?
Do they pour water?
Do they sweep the street?
What do the boys do?
Do they dance in the school?
Whom do these dog bite?
How do they bite?

Do they bite the goats?

What do the birds do? Do they also sing?
Do they sit silently?
What do the students do? Do they sleep restlessly?
What do the cows do? Where do they graze?
Do they graze in the ricefield?
When do the flowers bloom?
Do they bloom in the night?
How do the fishes swim? Do they swim slowly?

LESSON 15 ইংরেজি করো—

বালকেরা তাহাদের খুড়ার রান্নাঘরে খায় ।

বালিকারা প্রাসাদের দ্বারে পৌঁছায়(arrive at) ।

তোমার ভৃত্যেরা গাছের ছায়ায় দাঁড়ায়।

আমাদের শিক্ষকেরা স্কুল-ঘরের ডেস্কে বসেন ।

তাহাদের ঘোড়াগুলি সহরের রাস্তায় দৌড়ায়।

ছোটো মেয়েরা তাহাদের পিতার বাগানে বেড়ায় ।

শিশুরা পড়িবার ঘরে (reading room) তাহাদের পড়া করে ।

তাঁহার কন্যারা তাহাদের খাবার ঘরে তাহাদের বন্ধুদের চিঠি পড়ে ।

একবচন ও নেতিবাচক করো ।

প্রয়োজন বোধ করিলে যথানিয়মেপ্রশ্নোত্তর করানো যাইতে পারে।

LESSON 16

বোর্ডে ছাত্রদের সম্মুখে লেখা থাকিবে।

